

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০২.৫৮.৩৩৭.০২-

তারিখ: _____, ১৪২৪ বঙ্গাব্দ
_____, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক: উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
দৌলতপুর, মানিকগঞ্জ।

বিষয়ঃ স্বেচ্ছায় অবসর-উত্তর ছুটি (পিআরএল) ও লাম্পগ্র্যান্ট মঞ্জুরী।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস উইং এর আওতাধীন মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের জুনিয়র পরিসংখ্যান সহকারী জনাব মো: সাইফুল ইসলামের তার ২০-১১-২০১৭ তারিখের আবেদনের প্রেক্ষিতে চাকুরী ২৫ (পঁচিশ) বছর পূর্ণ হওয়ায় গণকর্মচারী অবসর আইন ১৯৭৪ এর ৯(১) ধারা এবং ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(বি)(II) ধারা এবং চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ ২০০৫ এর ৬(১৩) উপ অনুচ্ছেদ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ প্রবি-১/চাঃবিঃ- ৩/২০১০(অংশ-৩) ৬২ তারিখ ০৬ এপ্রিল, ২০১০ মোতাবেক ৩১-১২-২০১৭ তারিখে স্বেচ্ছায় চাকুরী হতে অবসর এবং ০১-০২-২০১৮ হতে ৩১-১২-২০১৮ তারিখ পর্যন্ত ১২ (বারো) মাসের পূর্ণ বেতনে অর্জিত ছুটিকে অবসর উত্তর ছুটি (পিআরএল) হিসেবে মঞ্জুর করা হলো।

০২। বর্ণিত অবসর-উত্তর ছুটি (পিআরএল) বাদে তার অতিরিক্ত পাওনা ০১ (এক) বছর ০৭ (সাত) মাস ১৬ (ষোল) দিন পূর্ণ গড়বেতনে অর্জিত ছুটি হতে সর্বোচ্চ ১৮ (আঠারো) মাসের ছুটির বিনিময়ে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১, তারিখ: ১৪ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ/২৯ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক ইএলপিসি অনুযায়ী তার সর্বশেষ আহরিত মূল বেতন ২৩,৬৮০/- (তেইশ হাজার ছয়শত আশি) টাকা হারে টাকা হারে তাকে সর্বমোট (২৩,৬৮০x১৮)= ৪,২৬,২৪০/- (চার লক্ষ ছাব্বিশ হাজার দুইশত চল্লিশ) টাকা মাত্র লাম্পগ্র্যান্ট হিসেবে মঞ্জুর করা হলো।

০৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হলো।

স্বা.

বিধান বড়াল
পরিচালক

ফোন: ০২-৪৮১১১৫৩৪

email: bidhan_d4@yahoo.com

১৪

তারিখ: ০৩ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

নং-৫২.০১.০০০০.১০২.৫৮.৩৩৭.০২- ৩৩৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- (১) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা।
- (২) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, মানিকগঞ্জ।
- (৩) প্রোগ্রামার, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
- (৪) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, দৌলতপুর, মানিকগঞ্জ।
- (৫) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- (৬) জনাব মো: সাইফুল ইসলাম, জুনিয়র পরিসংখ্যান সহকারী, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, দৌলতপুর, মানিকগঞ্জ।
- (৭) অফিস কপি।

১৪